

## প্রতিযোগী বাছাইয়ের নির্দেশিকা

করোনা দুর্যোগকালীন পরিস্থিতিতে নির্ধারিত তারিখ ও সময়ে শিক্ষার্থীগণ অনলাইনে রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত ইমেইল বা অন্য কোন মাধ্যমে রচনা জমা দিবেন। অনলাইনে অংশগ্রহণ করা সম্ভব না হলেও সে নিজ হাতে লিখে হার্ডকপি স্ব-স্ব বিদ্যালয়/প্রতিষ্ঠানে জমা দিতে পারবে। প্রতিষ্ঠান প্রধানগণ সংগৃহিত রচনাবলী উপজেলা নির্বাহী অফিসারের বরাবর জমা দিতে পারবে। উপজেলা নির্বাহী অফিসার জেলা প্রশাসক বরাবর প্রেরণ করবেন।

১. নবম ও দশম (সমমান) শ্রেণীর প্রতিযোগী সমন্বয়ে ‘ক’ গুপ্ত সর্বোচ্চ ৭০০ শব্দে রচনা লিখবে;
২. একাদশ ও দ্বাদশ শ্রেণী (সমমান) প্রতিযোগী সমন্বয়ে ‘খ’ গুপ্ত সর্বোচ্চ ১২০০ শব্দে রচনা লিখবে;
৩. প্রতিযোগিতার তারিখঃ ১৫/১০/২০২০
৪. উপজেলা প্রশাসন হতে প্রতিটি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের প্রধান বরাবর এ সংক্রান্ত একটি নির্দেশনা প্রেরণ করবে;
৫. প্রতিযোগীরা নিজস্ব ব্যবস্থাপনায় রচনা লিখবে।
৬. উত্তরপত্রের উপরের অংশে প্রতিযোগীর নাম, বয়স, মোবাইল নাম্বার, শ্রেণি, রোল নাম্বার, প্রতিষ্ঠানের নাম উল্লেখ করতে হবে।
৭. জেলা পর্যায়ে অনলাইন বা সরাসরি লেখা প্রতিটি উত্তরপত্রে পরিদর্শকের স্বাক্ষর থাকতে হবে;
৮. জেলা বাছাই কমিটি তথ্য সংগ্রহ ছক (সংযুক্ত) পূরণ করে জাতীয় মানবাধিকার কমিশনের ইমেইলে [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd) প্রেরণ করবে;
৯. জেলা বাছাই কমিটি প্রতি উপজেলা হতে প্রাপ্ত উভয় গুপ্তের রচনাসমূহ বাছাই করে সেরা (১০+১০) ২০টি রচনা নির্বাচনপূর্বক সীল গালা করে জাতীয় মানবাধিকার কমিশনে প্রেরণ করবে;
১০. কমিশন কর্তৃক বিশেষজ্ঞ প্যানেলের মাধ্যমে মোট ( $68 \times 10 = 680 + 68 \times 10 = 680$ ) ১২৮০টি রচনার মধ্যে প্রথম ধাপে (৫০+৫০) ১০০টি রচনা বাছাই করা হবে;
১১. বাছাইকৃত (৫০+৫০) ১০০টি রচনা নিয়ে কমিশন ‘নতুন প্রজন্মের মননে বঙ্গবন্ধু ও মানবাধিকার’ শিরোনামে একটি গ্রন্থ প্রকাশ করবে;
১২. বাছাইকৃত ১০০টি রচনার প্রতিযোগীদের নিয়ে বঙ্গবন্ধু ও মানবাধিকার বিষয়ে অনলাইনের মাধ্যমে কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হবে। জেলা প্রশাসকগণ অনলাইনে প্রতিযোগীদের অংশগ্রহণ নিশ্চিত করার ব্যবস্থা করে কমিশনকে সহায়তা করবেন। কুইজ প্রতিযোগিতার মাধ্যমে উভয় গুপ্ত থেকে সেরা ১০+১০ মোট ২০ জন প্রতিযোগী নির্বাচন করা হবে।
১৩. জাতীয় মানবাধিকার কমিশন থেকে আগামি ১০ ডিসেম্বর ২০২০ তারিখ ‘মানবাধিকার দিবস’ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে রচনা প্রতিযোগিতার সংখ্যাধিক্যের উপর ভিত্তি করে প্রতি বিভাগ থেকে তিনটি সেরা উপজেলা ও একটি শ্রেষ্ঠ জেলাকে সম্মাননা প্রদান করা হবে।
১৪. সেরা ২০ জন প্রতিযোগীকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা পুরস্কার ও সার্টিফিকেট প্রদানের ব্যবস্থা নেয়া হবে;
১৫. উপজেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকল প্রতিযোগীকে সার্টিফিকেট ও মানবাধিকার কমিশনের লোগো সমোলিত কলম প্রদান করা হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
পিরোজপুর সদর, পিরোজপুর।  
[www.sadar.pirojpur.gov.bd](http://www.sadar.pirojpur.gov.bd)

স্মারক নম্বর : ০৫.১০.৭৯৮০.০০০.৮৫.০০১.২০.৭৬

তারিখ: ১৩ আবিন ১৪২৭  
০৮ অক্টোবর ২০২০

বিষয় : জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক 'বঙ্গবন্ধু ও মানবাধিকার' শিরোনামে রচনা প্রতিযোগিতা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জাতীয় মানবাধিকার কমিশন "মুজিববর্দের আঙ্গীকার: সুরক্ষিত হবে মানবাধিকার" এই প্রতিপাদ্য নিয়ে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বর্ষ উদযাপন করতে যাচ্ছে। এলক্ষে 'বঙ্গবন্ধু ও মানবাধিকার' শিরোনামে দেশের সকল শিক্ষক প্রতিষ্ঠানে (মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা) নবম ও দশম এবং একাদশ ও দ্বাদশ শ্রেণি ও সমমানের ছাত্রছাত্রীদের সরাসরি অংশগ্রহণের মাধ্যমে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

এমতাবস্থায়, উপর্যুক্ত 'বঙ্গবন্ধু ও মানবাধিকার' শিরোনামে আপনার প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করে লিখিত স্ক্রিপ্ট আগামী ১৮-১০-২০২০ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) ফর্ম।

✓  
অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার

পিরোজপুর টেক্নিক্যাল ইনসিউট

পিরোজপুর সদর, পিরোজপুর।

অনুলিপি: সদয় অবগতির জন্য-

জেলা প্রশাসক, পিরোজপুর।

*On 10.10.20.20*  
(বশির আহমেদ)

উপজেলা নির্বাহী অফিসার  
পিরোজপুর সদর, পিরোজপুর।

ফোন: ০৪৬১-৬২৪৯৭  
unopirojpur@mopa.gov.bd